

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
শাখা-৬  
ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮  
www.lrb.gov.bd



স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৫.২০. ২০২

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ  
১০ জুন ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : কানুনগো, সার্ভেয়ার, ভূমি সহকারী কর্মকর্তা ও ভূমি উপ-সহকারী কর্মকর্তার শূণ্য পদের তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমি সেবা গ্রহীতাদেরকে স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে ও সহজসেবা প্রদানের জন্য ইতোমধ্যে সারাদেশে অনলাইনভিত্তিক ই-নামজারি সেবা চালু হয়েছে। ডিজিটাল পদ্ধতিতে ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যার এর ১ম, ২য় ও ৩য় পর্যায়ের পাইলটিং এর ধারাবাহিকতায় সারাদেশে শতভাগ ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও সার্বিক ভূমি ব্যবস্থাপনাকে অটোমেশনের আওতায় আনার কার্যক্রম চালু রয়েছে। কিন্তু লক্ষণীয় যে, সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে কানুনগো, সার্ভেয়ার, ভূমি সহকারী কর্মকর্তা ও ভূমি উপ-সহকারী কর্মকর্তার অসংখ্য পদ শূণ্য রয়েছে। এতে সার্বিক ভূমি ব্যবস্থাপনার অটোমেশনের কাজ ব্যাহত হচ্ছে। উক্ত শূণ্য পদসমূহ পূরণের ব্যবস্থা গ্রহণের জন্য শূণ্য পদের সঠিক পরিসংখ্যান জানা অত্যাবশ্যিক।

ক্রঃ নং	জেলার নাম	এস.এ/এল.এ. ও উপজেলা/রাজস্ব সার্কেল/মেট্রো থানা ভূমি অফিসের নাম	পদের নাম	জনবলের তথ্যাদি			মন্তব্য (যদি থাকে)
				অনুমোদিত পদ	কর্মরত পদ	শূণ্য পদ (৩০/০৬/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত)	
			কানুনগো				
			সার্ভেয়ার				
			ভূমি সহকারী কর্মকর্তা				
			ভূমি উপ-সহকারী কর্মকর্তার				

এমতাবস্থায়, আগামী ৩০/০৬/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত যে সকল কানুনগো, সার্ভেয়ার, ভূমি সহকারী কর্মকর্তা ও ভূমি উপ-সহকারী কর্মকর্তা পি.আর.এল. এ যাবেন তাদের সংখ্যাসহ উপরোক্ত ছকে আগামী ১৫/০৬/২০২১ তারিখের মধ্যে [alrc6@lrb.gov.bd](mailto:alrc6@lrb.gov.bd) এ ই-মেইলে তাদের শূণ্য পদের সঠিক পরিসংখ্যান প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিভাগীয় কমিশনার  
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ

২০.৬.২১  
(জিনিয়া জিন্নাত)  
সহকারী ভূমি সংস্কার কমিশনার  
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা  
ফোন- ৮১৭০১৫৭  
ই-মেইল [alrc6@lrb.gov.bd](mailto:alrc6@lrb.gov.bd)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- (১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- (২) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (৩) জেলা প্রশাসক, .....(সকল)
- (৪) উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
- (৫) উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ (বিষয়টি তদারকি ও কানুনগো, সার্ভেয়ার, ভূমি সহকারী কর্মকর্তা ও ভূমি উপ-সহকারী কর্মকর্তার শূণ্য পদের তালিকা প্রেরণ নিশ্চিতকরণের অনুরোধসহ)
- (৬) চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- (৭) সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- (৮) অফিস কপি